

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

বিষয় : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ইনোভেশন টিমের ২৪.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

চিফ ইনোভেশন অফিসার : মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক, বিএমডি  
তারিখ : ২৪.০৩.২০১৯  
সময় : বেলা ২.০০ টা  
স্থান : বিএমডি-এর সভাকক্ষ  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভাপতিত্বে ২৪.০৩.২০১৯ তারিখে বিএমডির সভাকক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডি-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

## ২.০ আলোচনা :


২.১ চিফ ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিমের সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএমডিতে উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং বিএমডি-এর কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে বিএমডির দাপ্তরিক কর্মকাণ্ডে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সেবাসমূহকে সহজ ও জনবান্ধব করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়াস চলছে।

২.২ ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (ভূ-পদার্থ) সভায় জানান যে, বিএমডি এর সেবাসমূহকে সহজীকরণের নিমিত্ত দাপ্তরিক কার্যক্রমে ১০০% ই-নথির ব্যবহার শুরু করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ইতোমধ্যে বিএমডি-এর সার্বিক কার্যক্রমের প্রতিচ্ছবি হিসাবে ‘খনিজ তথ্য কণিকা’ নামক অনলাইন ভিত্তিক অ্যাপটি সফলভাবে বিএমডি-এর ওয়েব পেজে সংযোজন করা হয়েছে। ‘খনিজ তথ্য কণিকা’-এর সকল তথ্য সময়ে সময়ে হালনাগাদ করা প্রয়োজন হয়েছে। তথ্য সময়ে সময়ে হালনাগাদ করা হলে জনগণ ঘরে বসেই অনলাইনের মাধ্যমে বিএমডি-এর অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে সর্বশেষ অবস্থানগত তথ্য জানতে পারবে। এ ছাড়া ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসাবে বিএমডি-এর দাপ্তরিক অভ্যন্তরীণ ই-সেবা কার্যক্রমের আওতায় অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ ত্রুটি/প্রস্তুত প্রক্রিয়া শুরু করা হয়েছে। ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালু হলে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ তে বর্ণিত তফসিল অনুযায়ী অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারার রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হবে।

৩.০ সিদ্ধান্ত :

- (ক) 'খনিজ তথ্য কনিকা' এর তথ্য সময়ে সময়ে হালনাগাদ করতে হবে;
- (খ) ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালুর উদ্যোগটি সফলভাবে বাস্তবায়িত করতে হবে;
- (গ) দাপ্তরিক কর্মকাণ্ডে নতুন নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪.০৬.১৯

মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক  
ও


চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন  
কমিটি, বিএমডি

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-১).২৫৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৫  
২৪ মার্চ ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা;
- ✓ ২। সংশ্লিষ্ট নথি।

  
২৪.০৬.১৯  
মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক